# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৫৪৯ তারিখ ঃ ২৫/০৬/২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

## বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement:2021-2022) বাস্তবায়নে দ্বিতীয় স্থান অধিকার করলো ঢাকা ওয়াসা



২৫ জুন ২০২৩ তারিখ, রবিবার অপরাহ্নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি **(Annual Performance Agreement:2021-2022)** বাস্তবায়নে **দ্বিতীয় স্থান** অধিকার করে ঢাকা ওয়াসা। ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও **প্রকৌশলী তাকসিম এ খান** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব মোঃ তাজুল ইসলাম এম. পি** এর কাছ থেকে এ উপলক্ষ্যে ক্রেষ্ট ও সনদ গ্রহন করেন। স্থানীয় সরকার বিভাগের সম্মানিত সচিব **জনাব মুহম্মদ ইব্রাহিম** এ সময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, স্থানীয় সরকার বিভাগের অধীন মোট ২০ (বিশ) টি সংস্থা/প্রতিষ্ঠানের মধ্যে ১০০ নম্বরের বিপরীতে ৯৭.১৮ নম্বর পেয়ে ঢাকা ওয়াসা এ সাফল্য অর্জন করে। এখানে উল্লেখ্য, ঢাকা ওয়াসা গত ২০২০-২১ অর্থ বছরে **প্রথম স্থান** ও ২০১৯-২০ অর্থ বছরে **দ্বিতীয় স্থান** এবং ২০১৮-১৯ অর্থ বছরে **প্রথম স্থান** অধিকার করেছিল। এজন্য ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক মহান আল্লাহ'র কাছে শুকরিয়া আদায় করেন।

পাশাপাশি ঢাকা ওয়াসা'র সকল কর্মকর্তা/কর্মচারীদের নিরলস কর্ম সম্পাদনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। ঢাকা ওয়াসা'র সাফল্যের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে ঢাকা ওয়াসা'র পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। বস্তুতঃ মাননীয় প্রধানমন্ত্রী **জননেত্রী শেখ হাসিনা'র** প্রত্যক্ষ দিক নির্দেশনায় **'ঘুরে দাঁড়াও ঢাকা ওয়াসা'** কর্মসূচীর মাধ্যমে বিগত ১৪ (চৌদ্দ) বছরে ঢাকা ওয়াসা এ সাফল্য অর্জন করেছে। ঢাকা ওয়াসা রাজধানীবাসির পানির চাহিদার উদ্বৃত্ত পানি উৎপাদনের সক্ষমতা অর্জন করেছে। ঢাকা ওয়াসা পানি সরবরাহের ক্ষেত্রে সমগ্র দক্ষিণ এশিয়ার মধ্যে আজ **'রোল মডেল'**। মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী **জনাব মোঃ তাজুল ইসলাম, এম. পি** ঢাকা ওয়াসা'র সমুদয় কর্মকান্ড সঠিক নির্দেশনা ও সহযোগিতা দিয়ে ঢাকা ওয়াসা'র কাজে গতি এনেছেন। এজন্য ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক মাননীয় মন্ত্রী মহোদয়কে বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।